

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৪ মে ২০১৫ খ্রিঃ।

অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতার আওতায় চীন ও বাংলাদেশ সরকারের মধ্যে ৮২.০০ মিলিয়ন আরএমবি ইউয়ান (প্রায় ১০৭ কোটি টাকা/১৩.৬৬ মিঃ মাঃ ডঃ) পরিমাণ অর্থে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ডের জন্য 4 sets of Vehicle Mobile Container Inspection System প্রদান সংক্রান্ত দু'দেশের মধ্যে পৃথকভাবে দুইটি Letter of Exchange অদ্য ২৪ মে ২০১৫ তারিখে গণভবনে স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং চীন সরকারের পক্ষে চীনা দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত Mr. Ma Mingqiang বিনিময় পত্রদ্বয়ে স্বাক্ষর করেন। উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বাংলাদেশ সফররত চীনের ডেপুটি প্রাইম মিনিষ্টার H.E Mrs. Liu Yandong সহ ঢাকাস্থ চীনা দূতাবাস এবং বাংলাদেশ সরকারের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চীন সরকারের অনুদানে আলোচ্য Vehicle Mobile Container Inspection System চালু হলে বাংলাদেশের আমদানি-রপ্তানিতে মালামাল দ্রুত খালাসের মাধ্যমে বন্দরের জট কমবে, শুল্ক কর্তৃপক্ষের দক্ষতা বাড়বে ও ব্যবসায়ীদের Trading Cost কমবে যা Trade Facilitation-এ সহায়ক হবে। এছাড়া এ কার্যক্রমের ফলে বাংলাদেশ সরকারের রাজস্ব আয় অনেকাংশে বৃদ্ধি পাবে এবং রাজস্ব ফাঁকি রোধ হবে। উক্ত বিনিময় পত্র স্বাক্ষরের ফলে বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতাসহ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার হবে।